



নং-২৬.০২.০০০০.০০৬.১১.৫৪১.১৫-৩৯৭

তারিখ : ০৮-০৭-২০১৮ খ্রিঃ।

### নিয়োগ বিজ্ঞপ্তি

রশুনি উন্নয়ন ব্যুরোর নিম্নবর্ণিত পদে নিয়োগের নিমিত্তে প্রয়োজনীয় যোগ্যতা, অভিজ্ঞতা এবং নিম্নবর্ণিত শতাংশ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রম	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	প্রোগ্রামার (টাঃ ৩৫৫০০-৬৭০১০/-) (৬ষ্ঠ গ্রেড)	০১ (এক)টি	২৭-৩৫ বৎসর	ক) পদার্থ বিদ্যা/ফলিত পদার্থ বিদ্যা/অংক/ পরিসংখ্যান/বাণিজ্য/ অর্থনীতি/সমাজবিজ্ঞান/ব্যবসা প্রশাসনে ন্যূনতম ২য় শ্রেণির মাস্টার্স ডিগ্রী অথবা বিএসসি (প্রকৌশল) পাস; খ) বাংলাদেশের কোন স্বীকৃত প্রফেসনাল কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য; এবং গ) সহকারী প্রোগ্রামার হিসেবে কমপক্ষে ০৪ (চার) বছরের (কম্পিউটার সায়েন্স/ইঞ্জিনিয়ারিং এ মাস্টার্স ডিগ্রীধারীদের ক্ষেত্রে ০২ বছর) অভিজ্ঞতা।

#### শর্তাবলী :

- আবেদনকারীকে অবশ্যই রশুনি উন্নয়ন ব্যুরো কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদন ফরমে যাচিত প্রয়োজনীয় তথ্যাদি পূরণপূর্বক আবেদন করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে। উক্ত আবেদন ফরমটি ব্যুরোর ওয়েবসাইট [www.epb.gov.bd](http://www.epb.gov.bd) হতে ডাউনলোড করা যাবে।
- আগামী ৩১-০৭-২০১৮ খ্রিঃ তারিখ মধ্যে অফিস চলাকালে সচিব, রশুনি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন (৫ম তলা), ১, কাওরান বাজার, ঢাকা বরাবরে ডাকযোগে আবেদন পৌঁছাতে হবে। অত্র অফিসে সরাসরি কোন আবেদন/দরখাস্ত গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। এজন্য কোন কারণ/ব্যাখ্যা প্রদান করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না। খামের উপরে পদের নাম স্পষ্ট করে উল্লেখ করতে হবে।
- দরখাস্তের সাথে নিম্নোক্ত কাগজপত্র ও পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে:  
(১) সকল শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের সত্যায়িত কপি; (২) সম্প্রতি তোলা ২(দুই) কপি ২"X২" সাইজের সত্যায়িত ছবি;  
(৩) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (৪) জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি;  
(৫) "সচিব, রশুনি উন্নয়ন ব্যুরো, ঢাকা"-এর অনুকূলে টাঃ ১০০/- (একশত) (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট।
- এসএসসি/সমতুল্য পরীক্ষার সনদপত্রের ভিত্তিতে ৩১-০৭-২০১৮ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স উল্লিখিত বয়সসীমার মধ্যে থাকতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হিসাবে প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান সনদপত্রের সত্যায়িত কপি (সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী সনদপত্রের সত্যায়িত কপি)।
- কোটা সংক্রান্ত সরকারি সর্বল নিয়ম/বিধি-বিধান ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে।
- আবেদনপত্রে কোন অসত্য তথ্য পরিবেশন করলে, কিংবা দাখিলকৃত কাগজপত্রাদি ভ্রান্ত মর্মে প্রতীয়মান হলে, আবেদনপত্র বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- বাছাইকৃত পরীক্ষার্থীদের/আবেদনকারীদের একাধিক স্তরে প্রতিযোগিতামূলক লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে।
- আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।
- পরীক্ষা গ্রহণের তারিখ, স্থান ও সময় প্রার্থীর বর্তমান ঠিকানায় পত্রযোগে এবং ব্যুরোর ওয়েবসাইটে জানানো হবে। লিখিত, ব্যবহারিক বা মৌখিক পরীক্ষার অংশগ্রহণের জন্য কোন ভ্রমণ ভাতা কিংবা দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক বা সম্পূর্ণ বাতিলসহ নিয়োগ কার্যক্রম স্থগিত ও পরীক্ষার সময় পরিবর্তন ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রদান করা হবে।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে কিংবা প্রার্থী পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।
- এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত হয়নি এমন কোন বিষয়ে সিদ্ধান্তের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রচলিত বিধি-বিধান অনুসরণ করা হবে।

আবদুর রশিদ  
(উপ-সচিব)  
উপ-পরিচালক (প্রশাসন)  
রশুনি উন্নয়ন ব্যুরো